

Mam  
22



ঢাকা ইউনিভার্সিটিতে কালো ব্যাজ পরে ক্লাস নিচ্ছেন এক শিক্ষক

-মামুদী

## হাসিনার গ্রেফতার ও খালেদার হয়রানির প্রতিবাদ ঢাকা ইউনিভার্সিটিতে আজ কর্মবিরতি

ইউনিভার্সিটি রিপোর্টার

ঢাকা ইউনিভার্সিটি শিক্ষক সমিতির কালো ব্যাজ ধারণ কর্মসূচি গতকাল শনিবার পালিত হয়েছে। শনিবার শিক্ষকরা স্বতঃস্ফূর্তভাবে এ কর্মসূচি পালন করেন। আগামী শীর্ষ সভানেত্রী শেখ হাসিনার গ্রেফতার এবং বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ অন্য নেতাদের হয়রানির প্রতিবাদে শিক্ষক সমিতি বৃহস্পতিবার এ কর্মসূচির ডাক দেয়। একই দাবিতে শিক্ষকরা আজ রবিবার আধা বেলা কর্মবিরতি পালন করবেন। তবে সব পত্রিকা এ কর্মসূচির আওতামুক্ত থাকবে।

এদিকে শেখ হাসিনার গ্রেফতারের প্রতিবাদে এবং তার মুক্তির দাবিতে ছাত্রলীগ সকালে ক্যাম্পাসে মিছিল বের করলে পুলিশ ধাওয়া দেয়। সকালে বিজনেস স্ট্যান্ডিঙ্গ ক্যাকাশি থেকে মিছিলটি বের হয়ে মল চত্বরে পৌঁছলে পুলিশ মিছিলে ধাওয়া দিয়ে ছত্রভঙ্গ করে দেয়।

অন্যদিকে কর্মসূচি পালন না করার জন্য শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে কে বা কারা ফোনে হুমকি দিয়েছে বলে জানা গেছে। এ বিষয়ে ঢাকা পৃষ্ঠা ১২ কট

### ঢাকা ইউনিভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ইউনিভার্সিটি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর আনোয়ার হোসেন জানান, তাকে ফোনে কর্মসূচি বন্ধ করতে বলা হয়েছে। 'নইলে আগামী দু'তিনদিনের মধ্যে তার পরিবারের যে কোনো সদস্যকে অপহরণ করা হবে বলে ফোনে জানানো হয়। তিনি জানান, একই ধরনের হুমকি দেয়া হয়েছে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর সদরুল আমিনকেও।

জানা গেছে, ইউনিভার্সিটির বিভিন্ন মতাদর্শী নীল, সাদা এবং গোলাপি দলের শিক্ষকরা স্বতঃস্ফূর্তভাবে এ কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করেন। তবে নীল ও গোলাপি দলের শিক্ষকদের কর্মসূচিতে বেশি অংশগ্রহণ করতে দেখা গেলেও সাদা দলের শিক্ষকদের ভেতন দেখা যায়নি। শিক্ষকদের কালো ব্যাজ ধারণ করে ক্লাসসহ অন্যান্য দৈনন্দিন কাজ করতে দেখা গেছে।

এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক বলেন, শিক্ষকরা স্বতঃস্ফূর্তভাবে কর্মসূচি পালন করেছেন। তাদের অংশগ্রহণ দেখে আমি অভিভূত। ঢাকা ইউনিভার্সিটির শিক্ষকরা আবারো প্রমাণ করলো জাতি এবং দেশের প্রয়োজনে সব ভয়-ভীতি উপেক্ষা করে তারা এক হতে জানে।